গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমন্বিত নিয়ন্ত্রণ কেন্দ্র
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
ইমেইলঃ bdcoronasaver@gmail.com

মুজিব বর্ষে স্বাস্থ্যখাত
এগিয়ে যাবে অনেক ধাপ

# নভেল করোনাভাইরাস ২০১৯ (COVID-19) সংক্রান্ত পরিস্থিতি

তারিখ: ২৩ মার্চ, ২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | ৬ ২৪ ঘন্টায় আক্রান্ত | | ৩৩ মোট আক্রান্ত | | ৫ মোট সুস্থ | | ৩ মোট মৃত্যু |
| | | ৩০,৭৯৬ মোট কোয়ারেন্টাইন | | ৬,০৮৮ কোয়ারেন্টাইন হতে ছাড়প্রাপ্ত | | ২৪,৭০৮ বর্তমান কোয়ারেন্টাইন | |
| | | ২২৭ মোট আইসোলেশন | | ১৮৭ আইসোলেশন হতে ছাড়প্রাপ্ত | | ৪০ বর্তমান আইসোলেশন সংখ্যা | |

করোনা বিষয়ক নিয়মিত সংবাদ সম্মেলনের অংশ হিসেবে আজ বিকাল ৪ টায় স্বাস্থ্য অধিদপ্তরের পক্ষ থেকে আইইডিসিআর-এর সভাকক্ষে অনলাইন প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। ব্রিফিং-এ অংশ নেন স্বাস্থ্য অধিদপ্তরের রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর)-এর পরিচালক অধ্যাপক ডাঃ মীরজাদি সেব্রিনা ফ্লোরা।

## বৈশ্বিক ও আঞ্চলিক পরিস্থিতি (সূত্র: বিশ্ব স্বাস্থ্য সংস্থা)

(Source link: https://www.who.int/docs/default-source/coronaviruse/situation-reports/20200322-sitrep-62-covid-19.pdf?sfvrsn=f7764c46_2)

আজ পর্যন্ত বিশ্বে সর্বমোট ২,৯২,১৪২ জন করোনা ভাইরাসে আক্রান্ত রোগী সনাক্ত হয়েছে। এদের মধ্যে মৃত্যুবরণ করেছেন ১২,৭৮৪ জন। গত ২৪ ঘন্টায় বিশ্বে মোট আক্রান্ত রোগীর সংখ্যা ২৬,০৬৯ জন, যাদের মধ্যে মৃত্যুর সংখ্যা ১,৬০০। দক্ষিণ-পূর্ব এশিয়ায় গত ২৪ ঘন্টায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা ২৭৮ জন এবং মৃত্যুসংখ্যা ৭। এ অঞ্চলে এ পর্যন্ত করোনা ভাইরাসে আক্রান্ত রোগী পাওয়া গেছে ১,২৫৭ জন এবং মোট মৃত্যুসংখ্যা ৪৫।

## বাংলাদেশ পরিস্থিতি

### কোভিড-১৯ পরীক্ষা ও সনাক্তকৃত রোগী (সূত্রঃ আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

বাংলাদেশে আজ পর্যন্ত মোট ৬২০ জন ব্যক্তির কোভিড-১৯ পরীক্ষা করা হয়েছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় করা হয়েছে ৫৬ জনের পরীক্ষা। বাংলাদেশে মোট ৩৩ জন কোভিড-১৯ পজিটিভ রোগী পাওয়া গেছে, যার মধ্যে গত ২৪ ঘন্টায় এ সংখ্যা ৬।

## করোনা ভাইরাস (COVID-19) মোকাবেলায় স্বাস্থ্য অধিদপ্তরের প্রস্তুতিঃ

- সারাদেশে প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের জন্য ২৯০টি প্রতিষ্ঠান প্রস্তুত করা হয়েছে এবং এসকল প্রতিষ্ঠানের মাধ্যমে ১৬,৭৪১ জনকে সেবা প্রদান করা যাবে।
- সারাদেশে COVID-19 আইসোলেশনের জন্য ৪,৫১৫টি বেড প্রস্তুত করা হয়েছে, তার মধ্যে ঢাকা শহরে ১,০৫০টি বেড প্রস্তুত আছে।
- ঢাকা শহরের কুয়েত মৈত্রী হাসপাতাল, শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার হাসপাতাল, রিজেন্ট হাসপাতাল, উত্তরা; রিজেন্ট হাসপাতাল, মিরপুর ও সাজেদা ফাউন্ডেশন যাত্রাবাড়ী- এই পাঁচটি হাসপাতালে ২৯টি আইসিইউ বেড প্রস্তুত রয়েছে এবং আরো ১৬ টি ICU বেড প্রস্তুতির কাজ চলছে।
- কুয়েত মৈত্রী হাসপাতালে ৫টি Dialysis বেড প্রস্তুত আছে।
- আশকোনা হজ্জ ক্যাম্পে সেনাবাহিনীর ব্যবস্থাপনায় ৩০০ জনকে কোয়ারেন্টাইন-এর ব্যবস্থা রয়েছে।
- করোনা (COVID-19) পরীক্ষা করার জন্য আরো ৭টি স্থান নির্দিষ্ট করা হচ্ছে।

**স্বাস্থ্য অধিদপ্তরের অন্যান্য ব্যবস্থাপনা:**
**করোনাভাইরাস (COVID-19) নিয়ন্ত্রণ ও প্রতিরোধে নিম্নোক্ত গাইডলাইনসমূহ তৈরী করা হয়েছে।**

১। করোনা (COVID-19) আক্রান্ত রোগীর হাসপাতাল ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)
২। করোনা (COVID-19) নিয়ন্ত্রণের লক্ষ্যে ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী বা Personal Protective Equipment (PPE) এর যুক্তিসংগত ব্যবহার
৩। করোনা (COVID-19) জীবানুমুক্তকরণ এবং পরিবেশগত সংক্রমণ রোধ সংক্রান্ত নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)
৪। বাড়িতে পরিচর্যার নির্দেশনা: করোনা (COVID-19) আক্রান্ত সন্দেহজনক রোগী, যার মৃদু সংক্রমণ রয়েছে, এবং করোনা (COVID-19) আক্রান্ত রোগী যার হাসপাতালে থাকার প্রয়োজন নেই তাদের জন্য প্রযোজ্য
৫। বিশ্বজুড়ে COVID-19 প্রতিরোধে গর্ভবতী মা ও পরিবারের করণীয়
৬। করোনা (COVID-19) সংক্রান্ত কুসংস্কার দূরীকরণ
৭। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ : মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন
৮। করোনা (COVID-19) ভাইরাস সংক্রমণ: শিশুদের মানসিক চাপমুক্ত থাকতে কি করবেন
৯। করোনা (COVID-19) রোগে মৃতব্যক্তির মৃতদেহ নিরাপদভাবে দাফন/ সৎকার/ ব্যবস্থাপনার নির্দেশনা বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসেডিওর (SOP)
১০। করোনা ভাইরাস রোগ/ কোভিড-১৯ আক্রান্ত ব্যক্তিদের সংস্পর্শে আসা সন্দেহে থাকা ব্যক্তিদের কোয়ারেন্টাইন সম্পর্কে জ্ঞাতব্য
১১। হাসপাতাল ও বিমানবন্দরে কোভিড-১৯ এর বর্জ্য ব্যবস্থাপনার গাইডলাইন তৈরি করা হয়েছে।
১২। করোনা মোকাবেলায় জীবাণুনাশক দ্রবণ তৈরীর নিয়ম।

## অন্যান্য তথ্যঃ

কোয়ারেন্টাইন সম্পর্কিত তথ্য (সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম (HEOC & Control Room), স্বাস্থ্য অধিদপ্তর)

| | গত ২৪ ঘন্টায় কোয়ারেন্টাইন সংখ্যা | গত ২৪ ঘন্টায় ছাড় সংখ্যা | অদ্যাবধি মোট ছাড় | অদ্য মোট কোয়ারেন্টাইন | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|---|---|---|
| হোম কোয়ারেন্টাইন | ৭১০৪ | ১৪৬৩ | ৬০৮১ | ২৪৫৭১ | ৩০৬৫২ |
| হাসপাতাল ও অন্যান্য কোয়ারেন্টাইন | ৮ | ৪ | ৭ | ১৩৭ | ১৪৪ |
| মোট কোয়ারেন্টাইন | ৭১১২ | ১৪৬৭ | ৬০৮৮ | ২৪৭০৮ | ৩০৭৯৬ |

**আইসোলেশন সম্পর্কিত তথ্য** (সূত্রঃ আইইডিসিআর/ হেল্‌থ ইমারজেন্সী এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি ছাড়প্রাপ্ত | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|---|
| COVID-19 আক্রান্ত সন্দেহে আইসোলেশন কৃত | ৪০ | ১৮৭ | ২২৭ |

**মোবাইল ফোনে কোভিড-১৯ এর সেবা প্রদান** (সূত্রঃ এমআইএস/আইইডিসিআর, স্বাস্থ্য অধিদপ্তর)

| | গত ২৪ ঘন্টা | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|
| ১৬২৬৩ (স্বাস্থ্য বাতায়ন) | ৩২,৬৯৩ | ৩,১৫,৬৩৬ |
| ৩৩৩ | ২,৩৬৪ | ২০,৬৫০ |
| আইইডিসিআর | ১,৭১৬ | ৫৪,৮৮৩ |
| **মোট ফোন কলের সংখ্যা** | **৩৬,৭৬৭** | **৩,৯১,১৬৯** |

**বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশনে বিদেশ হতে আগত যাত্রীদের স্ক্রিনিং সম্পর্কিত তথ্য**
(সূত্রঃ হেল্‌থ ইমারজেন্সি এন্ড অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম, স্বাস্থ্য অধিদপ্তর)

| **বিমান/সমুদ্র/স্থল বন্দর ও রেল স্টেশন** | **গত ২৪ ঘন্টা** | অদ্যাবধি সর্বমোট |
|---|---|---|
| আন্তর্জাতিক বিমানবন্দর সমূহ | ১৯৪ | ৩,২১,৭০৬ |
| সমুদ্রবন্দর সমূহ | ২৬০ | ৯,৪১৭ |
| স্থলবন্দর সমূহ | ৫৫৫ | ৩,২০,৮২৯ |
| ক্যান্টনমেন্ট রেলওয়ে স্টেশন | ০০ | ৭,০২৯ |
| **মোট স্ক্রিনিংকৃত যাত্রীর সংখ্যা** | **১,০০৯** | **৬,৫৮,৯৮১** |

## করোনাভাইরাস (COVID-19) লজিস্টিক মজুদ এবং সরবরাহ সম্পর্কিত তথ্য

(সূত্রঃ সিএমএসডি, স্বাস্থ্য অধিদপ্তর)
তারিখ : ২৩/০৩/২০২০; ১১:০০ ঘটিকা
(২২-০৩-২০২০ রাত্রি ১০:০০ পর্যন্ত সর্বশেষ আহরণ ও বিতরণ অনুযায়ী)

| Sl. No. | Name of Commodities | Total Quantity Received | Total Disbursement | Present Stock |
|---|---|---|---|---|
| 1 | Examination Gloves (Large, Medium & Small) | 298000 | 131330 | 166670 |
| 2 | Hexisol (Handrub){ 250 ml; 250ml with Dispenser; 50ml} | 45080 | 32770 | 12350 |
| 3 | Non Woven Face mask | 105100 | 67500 | 37600 |
| 4 | Mop Cap /Personal Protection Cap | 55000 | 48385 | 11615 |
| 5 | Shoe Cover | 56000 | 52220 | 3780 |
| 6 | Protective Cover all & Surgical Face Mask | 25102 | 19000 | 6102 |
| 7 | Combo Surgical Protection Dress | 840 | 500 | 340 |
| 8 | Gown | 16000 | 12660 | 3340 |
| 9 | Eye Protector Safety Goggles | 34040 | 17535 | 16505 |

পর্যায়ক্রমে দশ লক্ষ পিপিই নতুনভাবে ক্রয় করা হচ্ছে। ইতোমধ্যে ২ লক্ষ পিপিই এর ওয়ার্ক অর্ডার দেয়া হয়েছে। বাকিগুলো দ্রুত সংগ্রহ করা হচ্ছে।

(অধ্যাপক ডাঃ নাসিমা সুলতানা)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।